

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৪৭

আগরতলা, ৩ জানুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রীর নির্দেশে চড়িলাম ব্লকের লক্ষ্মী দত্তকে আর্থিক সহায়তা



গতকাল, ২ জানুয়ারি, ২০২৪ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত ‘মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে বৃদ্ধার আবেদন’ শীর্ষক সংবাদটি মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা’র দৃষ্টি আকৃষ্ট হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বিশালগড়ের মহকুমা শাসককে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ দেন। এছাড়াও কিভাবে প্রশাসনের পক্ষ থেকে ঐ অসহায় মহিলাকে সাহায্য করা যায় তার জন্য মুখ্যমন্ত্রী পরামর্শ দেন। মুখ্যমন্ত্রীর নির্দেশ পেয়ে ২ জানুয়ারি বিশালগড়ের মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী সহ প্রশাসনের পদস্থ আধিকারিকরা চড়িলাম ব্লকের আড়ালিয়া পঞ্চায়েতের কালিটিলায় লক্ষ্মী দত্ত নামে ঐ মহিলার বাড়িতে গিয়ে প্রশাসনের পক্ষ থেকে ১০ হাজার টাকার চেক তুলে দেন। এছাড়াও মহিলার বৃদ্ধা ভাতা পাওয়ার ক্ষেত্রে নির্দিষ্ট বয়সজনিত অসুবিধার কারণে মহিলাকে বিধবা ভাতা দেওয়ার জন্য আবেদন করতে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছে।

মহকুমা শাসক শ্রীচক্রবর্তী জানান, চড়িলাম ব্লকের আড়ালিয়া পঞ্চায়েতের কালিটিলায় বাসিন্দা লক্ষ্মী দত্তকে ইতিমধ্যেই প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ পাকাঘর দেওয়া হয়েছে এবং তা যথারীতি নির্মিত হয়েছে। ঐ বাড়িতে বর্তমানে স্বচ্ছ ভারত মিশনে শৌচালয় নির্মাণ করা হয়েছে। প্রায়োরিটি গ্রুপের রেশনকার্ডের মাধ্যমে প্রতিমাসে বিনামূল্যে ২০ কেজি করে চাল পাচ্ছেন। এছাড়াও ঐ পরিবারে এমজিএন রেগায় জবকার্ড রয়েছে যাতে এখন পর্যন্ত ৬৮ শ্রমদিবসের কাজ পেয়েছেন। পিএম উজ্জ্বলা যোজনা গ্যাসের সংযোগ দেওয়া হয়েছে। পরিবারের গৃহে বর্তমানে বিদ্যুৎ সংযোগ রয়েছে এবং জলজীবন মিশনে পাইপলাইন বসানোর কাজ চলছে।
